

# বোয়ালমারী পৌরসভা কার্যালয়

জেলা : ফরিদপুর।



ফোন : ০২৪৭-৮৮০৬৩২৭, ই-মেইল : boalmaripourasava@lgd.gov.bd  
ওয়েব সাইট : www.boalmaripourashava.gov.bd

স্মারক নং- বোঃ/পৌঃ/ফরিদঃ/হাঃবাঃ/ইজারা/২০২৫/৫৬২- ৭৬৬

তারিখঃ ২২/১২/২০২৫ ইং

“ক” অংশ

বাংলা ১৪৩৩ সনের জন্য বোয়ালমারী পৌরসভাধীন হাট-বাজার সমূহ ইজারার সংক্ষিপ্ত দরপত্র বিজ্ঞপ্তি

গতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বোয়ালমারী পৌরসভাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩৩ সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র) ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

তফশীলভুক্ত হাট-বাজারসমূহের প্রয়োজনীয় তথ্যাবলীঃ


ক্রঃ নং	হাট- বাজারের নাম	১৪৩৩ সনের সম্ভাব্য সরকারী মূল্য	সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য)	বায়না/জামানতের পরিমাণ
০১	বোয়ালমারী পশু হাট	৮২,৫৯,১৬৭/-	১৭,২০০/-	উদ্ধৃত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ প্রশাসক, বোয়ালমারী পৌরসভা এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট মারফত দরপত্রের সহিত দাখিল করতে হবে। যাহা ইজারা মূল্যের সহিত সমন্বয় করা হবে।
০২	বোয়ালমারী তোহা হাট	৬৬,৬০,৩৩৪/-	১৪,০০০/-	

দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী :

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার	১২/০১/২০২৬ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৩/০১/২০২৬ ইং বেলা ১-০০টা পর্যন্ত	১৩/০১/২০২৬ ইং বেলা ৪.০০ ঘটিকায়	কোন মহালের দরপত্র ১ম পর্যায় গৃহিত হলে উহা ২য় পর্যায় হতে বাদ যাবে। ২য় পর্যায়ের কোন মহালের দরপত্র গৃহিত হলে উহা ৩য় পর্যায় হতে বাদ যাবে। যা অত্র কার্যালয়ে সংশ্লিষ্ট দপ্তর হতে জেনে নিতে হবে। এ ব্যাপারে কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না।
২য় বার	২৭/০১/২০২৬ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৮/০১/২০২৬ ইং বেলা ১-০০টা পর্যন্ত	২৮/০১/২০২৬ ইং বেলা ৪.০০ ঘটিকায়	
৩য় বার	১৬/০২/২০২৬ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৭/০২/২০২৬ ইং বেলা ১-০০টা পর্যন্ত	১৭/০২/২০২৬ ইং বেলা ৪.০০ ঘটিকায়	

শর্তাবলী :

- উল্লেখিত হাট-বাজারের দরপত্র জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের কার্যালয়, পুলিশ সুপার, ফরিদপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী এর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী এর কার্যালয়, সোনালী ব্যাংক, বোয়ালমারী শাখা এবং বোয়ালমারী পৌরসভা কার্যালয় হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত নগদ মূল্যে ক্রয় করা যাবে।
- দরপত্র সমূহ জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের কার্যালয়; পুলিশ সুপার, ফরিদপুর এর কার্যালয়; উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী এর কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী এর কার্যালয় এবং বোয়ালমারী পৌরসভা কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাস্তবে নির্ধারিত দিনে নির্ধারিত সময় পর্যন্ত গ্রহণ করা হবে এবং উক্ত দিনই বিকাল ৪.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উল্লেখ্য দরপত্র দাখিলের দিন কোন প্রকার দরপত্র দলিল বিক্রয় করা হবে না।
- বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত বিধায় অন্যান্য শর্তাবলী সিডিউলে দেখা যাবে ও বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।
- এ বিজ্ঞপ্তি বোয়ালমারী পৌরসভার ওয়েব সাইটে ([www.boalmaripourashava.gov.bd](http://www.boalmaripourashava.gov.bd)) পাওয়া যাবে।



(এস এম রকিবুল হাসান)  
প্রশাসক  
বোয়ালমারী পৌরসভা  
বোয়ালমারী, ফরিদপুর।